19 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

কালের কণ্ঠ

# রাবি-চবিতে একই দিনে ভর্তি পরীক্ষা, বিপাকে ভর্তীচ্ছুরা

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) একই দিনে নির্ধারণ হওয়ায় বিপাকে পড়েছে ভর্তীচ্ছুরা। সূচি পরিবর্তন না হওয়ায় ভর্তীচ্ছুরা একটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হারাতে যাচ্ছে।

খোঁজ নিয়ে জানা গেছে, রাবি গত ১৮ জুন ভর্তি পরীক্ষার প্রাথমিক সূচি প্রকাশ করে। অন্যদিকে চবি ২৭ জুন প্রকাশ করেছে। রাবির ভর্তি পরীক্ষা আগামী ২৪ থেকে ২৭ এবং চবিতে ২৩ থেকে ৩১ অক্টোবর অনুষ্ঠিত হবে। কিন্তু দুটি বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে। রাবির কলা অনুষদের পরীক্ষা ২৬ অক্টোবর সকাল ৯টা থেকে ১০টা এবং সকাল ১১টা থেকে দুপুর ১২টা দুই শিফটে অনুষ্ঠিত হবে। অন্যদিকে চবির কলা অনুষদের ভর্তি পরীক্ষা ২৬ অক্টোবর সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক কামরুল হুদা দাবি করেন, 'আমরা পরীক্ষার সময়সূচি আগে প্রকাশ করেছি। তাই আমাদের পরীক্ষা সূচি পরিবর্তনের কোনো সুযোগ নেই।' রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন বলেন, 'আমরাই আগে ভর্তি পরীক্ষার সময় ঘোষণা করেছি। সে হিসেবে তাদের উচিত ছিল আমাদের সঙ্গে অ্যাডজাস্টমেন্ট করা।'